গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দেবীগঞ্জ, পঞ্চগড়

এবং

জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পঞ্চগড়

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

## (Annual Performance Agreement)

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | |
| প্রস্তাবনা | |
| সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি | |
| সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রভাব (Outcome/Impact) | |
| সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা | |
| সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) | |
| সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | |
| সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে মৎস্য সেক্টরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ ও অনস্বীকার্য। বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২২ অনুযায়ী মৎস্যখাতে জিডিপি প্রবৃদ্ধি ২.০৮ শতাংশ এবং কৃষিজ জিডিপি'র ২১.৮৩ শতাংশ মৎস্যখাতের অবদান। দৈনন্দিন মাছ গ্রহণের পরিমাণ দাড়িয়েছে ৬৭.৮০ গ্রাম (এইচআইইএস, ২০২২)। বিগত তিন অর্থবছরে (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২) মোট মৎস্য উৎপাদন ছিল ৪৫.০৩, ৪৬.২১ ও ৪৭.৫৯ লক্ষ মেট্রিক টন। বিগত তিন অর্থবছরে (২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২) ৭০৯৪৫.৩৯, ৭৬৫৯১.৬৯ ও ৭৪০৪২.৬৭ মে.টন মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি করে যথাক্রমে ৩৯৮৫.১৫, ৪০৮৮.৯৬ ও ৫১৯১.৭৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রা অর্জিত হয়েছে। অভ্যন্তরীণ মুক্ত জলাশয়ে মাছ উৎপাদন ও বদ্ধ জলাশয়ে চাষকৃত মাছ উৎপাদনে বাংলাদেশ বিশ্বে যথাক্রমে ৩য় ও ৫ম স্থান অধিকার করেছে (এফএও, ২০২২)।

### সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- ব্রুডস্টকের অবক্ষয়, গুণগত মানসম্পন্ন পোনা, খাদ্য ও অন্যান্য উপকরণের অপর্যাপ্ততা;
- জলাবদ্ধতা, মাছের মাইগ্রেশন বাধাপ্রাপ্ত হওয়া ও জীববৈচিত্র্য হ্রাস;
- পানি প্রবাহ হ্রাস এবং পলি জমার কারণে মাছের প্রজনন ও বিচরণক্ষেত্র বাধাগ্রস্ত হওয়া;
- গলদা ও বাগদা চাষের ক্ষেত্রে গুণগত মানসম্পন্ন ও ভাইরাসমুক্ত পিএল এবং মানসম্পন্ন খাদ্যের অভাব;
- জেলেদের মাছ ধরা নিষিদ্ধ মৌসুমে বিকল্প জীবিকায়ন সহায়তার অভাব;
- অভয়াশ্রম স্থাপন ও রক্ষণাবেক্ষণ ব্যবস্থা অপ্রতুল; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের মজুদ নির্ণয়, স্থায়িত্বশীল আহরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা।
- জলবায়ু পরিবর্তনের অভিঘাত ও প্রাকৃতিক দুর্যোগ।
- সুস্থিত সরবরাহ ও মূল্য শৃঙ্খলের অভাব।

### ভবিষ্যৎ পরিকল্পনা

সরকারের নির্বাচনী ইশতেহার ও উন্নয়ন দর্শণ, প্রেক্ষিত পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা-২১০০, Allocation of Business অনুযায়ি মৎস্য ও প্রানিসম্পদ মন্ত্রণালয়ের নির্ধারিত ম্যান্ডেট, ২০৪১ সালের মধ্যে জ্ঞানভিত্তিক অর্থনীতি ও উদ্ভাবনী জাতি হিসাবে স্মার্ট এবং উন্নত-সমৃদ্ধ বাংলাদেশে উন্নীতকরণ এবং টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এ উল্লিখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় (২০২১-২০২৫) মৎস্য সেক্টরে অর্জিতব্য প্রধান লক্ষ্যসমূহ নির্ধারণ করা হয়েছে:

- চাষকৃত মাছের উৎপাদন ২০১৯-২০ সালের (২৫.৮৩ লক্ষ মেট্রিক টন) তুলনায় ১২.৫০ শতাংশ এবং মোট মাছের উৎপাদন ১১ শতাংশ বৃদ্ধি করা;
- দৈনিক মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ ৭৩ গ্রাম নিশ্চিত করা;
- হিমায়িত চিংড়ি, মাছ ও ভ্যালু অ্যাডেড মৎস্যপণ্য রপ্তানি ১.০০ লক্ষ মে.টনে উন্নীতকরণ;
- বেকার যুবক ও যুবমহিলাদের জন্য অধিকতর কর্মসংস্থান সৃষ্টি ও মৎস্যচাষে ২০-২৫ শতাংশ নারীর অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- মৎস্যচাষি/মৎস্যজীবীদের আয় ৩০ শতাংশ বৃদ্ধিকরণ;
- আন্তর্জাতিক বাজারে মাছ ও চিংড়ি সরবরাহের প্রতিটি ধাপে উত্তম চাষ ব্যবস্থাপনা ও সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা; এবং
- সামুদ্রিক মৎস্যসম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন।

### ২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

দেবীগঞ্জ উপজেলায় ৫টি প্রদর্শনী মৎস্য খামার ও ১টি বিল নার্সারি স্থাপন, ০.৬ মেট্রিক টন পোনা মাছ অবমুক্তকরণ, এবং ৪টি মৎস্য খাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও নবায়ন;

দক্ষতা উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ৬০ জন মৎস্যচাষি/সুফলভোগী ও ২ জন মৎস্য অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান;

মৎস্যসম্পদ উন্নয়নে ৮টি অভিযান পরিচালনা, ০ জনমৎস্যজীবীর বিকল্প কর্মসংস্থান সৃষ্টি; এবং

এ সকল কার্যক্রমের মাধ্যমে ২০২৩-২৪ অর্থবছরে মাছের উৎপাদন ৪৭২২ মেট্রিক টনে উন্নীতকরণে অবদান রাখা।

প্রস্তাবনা (**Preamble**)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

**উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, দেবীগঞ্জ**

**এবং**

**জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, পঞ্চগড়** এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ২১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# সেকশন ১:

## রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প

মৎস্য ও মৎস্যজাত উৎস হতে প্রানিজ আমিষের পুষ্টি চাহিদা পূরণ, দারিদ্র্য হ্রাস ও রপ্তানি আয় বৃদ্ধি।

১.২ অভিলক্ষ্য

সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্য ও চিংড়িসহ অন্যান্য গুরুত্বপূর্ণ জলজসম্পদের স্থায়িত্বশীল উৎপাদন বৃদ্ধি করে গুণগত মানের পুষ্টি চাহিদা পূরণ এবং রপ্তানি আয় বৃদ্ধি এবং দরিদ্র মৎস্যজীবী ও মৎস্যচাষি, তথা বাংলাদেশের আর্থ-সামাজিক ক্ষেত্রে কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন।

১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি;
২. স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা;
৩. নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাজারে নিরাপদ খাদ্য সরবরাহ; এবং
৪. দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি

১. বিল নার্সারি স্থাপন;
২. জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ;
৩. জলাশয়ভিত্তিক মৎস্যজীবীদের সংগঠিত করা ও পরিচালনা;
৪. মৎস্যজীবী/সুফলভোগীদের জলাশয় ব্যবস্থাপনা/ আইন প্রতিপালন বিষয়ক সচেতনতা সৃষ্টি /উদ্বুদ্ধকরণ;
৫. মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ;
৬. মৎস্যচাষ প্রযুক্তি ও সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ;
৭. মৎস্য খামার যান্ত্রিকীকরণ ও মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন
৮. মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স প্রদান ও মৎস্য খাদ্য পরীক্ষা;
৯. মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান;
১০. সরকারি হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন;
১১. উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন;
১২. কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান;
১৩. মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান; এবং
১৪. মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি।

## সেকশন ২
## মৎস্য অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব (Outcome/ Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত** | | লক্ষ্যমাত্রা** ২০২৩-২৪ | প্রক্ষেপণ** | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২* | ২০২২-২৩* | | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ বৃদ্ধি | মাথাপিছু মাছ গ্রহণের পরিমাণ | ওজন (গ্রাম/দিন) | ৬৫.০০ | ৬৭.৮০* | ৬৯.২৫ | ৭৩.০০ | ৭৫.৫০ | ভূমি মন্ত্রণালয়, পানিসম্পদ মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয়, উন্নয়ন সহযোগী সংস্থা | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, বিবিএস, বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা |
| মাছের উৎপাদন বৃদ্ধি | মাছ উৎপাদনের পরিমাণ** | মে.টন | ৪১২৯ | ৪৪৭৯ | ৪৭২২ | ৫০২০ | ৫৩৯৫ | স্থানীয় প্রশাসন, উন্নয়ন সহযোগী সংস্থা, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর। | মৎস্য অধিদপ্তরীয় রিপোর্ট, এফআরএসএস |

* সাময়িক

## সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

# সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| **কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ** (বিধি/আইন দ্বারা নির্ধারিত দায়িত্ব অনুযায়ী, সর্বোচ্চ ৫টি) | | | | | | | | | | | | | | | |
| [১] টেকসই সংরক্ষণ ও ব্যবস্থাপনার মাধ্যমে মৎস্যসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ৩০ | [১.১] বিল নার্সারি স্থাপন | [১.১.১] স্থাপিত বিল নার্সারি | সমষ্টি | সংখ্যা | ১০ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| | | [১.২] জলাশয়ে পোনা মাছ অবমুক্তকরণ | [১.২.১] অবমুক্তকৃত পোনার পরিমাণ | সমষ্টি | পরিমাণ (মে.টন) | ১০ | ০.৫২ | ০.৫ | ০.৬ | ০.৫৪ | ০.৪৮ | ০.৪২ | ০.৩৬ | ০.৬৬ | ০.৭২ |
| | | [১.৫] মাছের অভয়াশ্রম স্থাপন/রক্ষণাবেক্ষণ | [১.৫.১] স্থাপিত নতুন মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | [১.৫.২] রক্ষণাবেক্ষণকৃত মৎস্য অভয়াশ্রম | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | [১.৬] মৎস্যসম্পদ উন্নয়নে আইন বাস্তবায়ন | [১.৬.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ১০ | ১২ | ৮ | ৮ | ৭ | ৬ | ৬ | ৫ | ৯ | ১০ |
| [২] স্থায়িত্বশীল মৎস্যচাষ উন্নয়ন ও ব্যবস্থাপনা | ৩০ | [২.১] মৎস্যচাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.১.১] স্থাপিত প্রদর্শনী খামার | সমষ্টি | সংখ্যা | ৫ | ২৬ | ৫ | ৫ | ৫ | ৪ | ৪ | ৩ | ৬ | ৭ |
| | | | [২.১.২] আয়োজিত মাঠ দিবস/মত বিনিময় সভা/সচেতনতামূলক সভা/ পরামর্শ দিবস/আয়োজিত মৎস্য মেলা/মৎস্যচাষি র‍্যালি (সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪ | ৩ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৩ |
| | | | [২.১.৩] আয়োজিত সেমিনার/ ওয়ার্কশপ | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | [২.১.৪] পরীক্ষণকৃত এসপিএফ (SPF) চিংড়ি পিএল উৎপাদন (টি) | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | [২.২] সী-উইড চাষ প্রযুক্তি সম্প্রসারণ | [২.২.১] সম্প্রসারিত সী-উইড চাষ প্রযুক্তি | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| | | | | | | | | | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | | | | | | |
| | | [২.৩] মৎস্য খামার যান্ত্রিকীকরণ | [২.৩.১] উন্নয়ন সহায়তা / চাষির নিজ উদ্যোগে স্থাপিত যন্ত্রপাতি | সমষ্টি | সংখ্যা | ৪ | ৪ | ০ | ১ | ১ | ১ | ১ | ১ | ২ | ৩ |
| | | [২.৪] মৎস্য সাপ্লাই চেইন উন্নয়ন | [২.৪.১] তৈরি/উন্নয়নকৃত মৎস্য/চিংড়ি উৎপাদনকারীদের সংগঠন | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ২ | ৩ | ৩ | ২ | ২ | ২ | ৩ | ৪ |
| | | [২.৬] মৎস্য খাদ্য ও মৎস্য খাদ্য উপকরণ ব্যবস্থাপনা | [২.৬.১] প্রদানকৃত/ নবায়নকৃত মৎস্যখাদ্য সংক্রান্ত লাইসেন্স | সমষ্টি | সংখ্যা | ৪ | ৩ | ৫ | ৪ | ৪ | ৩ | ৩ | ২ | ৫ | ৬ |
| | | | [২.৬.২] পরীক্ষিত মৎস্য খাদ্য নমুনা | সমষ্টি | সংখ্যা | ৪ | ১ | ২ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ৩ |
| | | [২.৭] মৎস্যচাষ ব্যবস্থাপনা উন্নয়নে পরিদর্শন ও পরামর্শ প্রদান | [২.৭.১] পরামর্শ প্রদানকৃত মৎস্যচাষি | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ২০০ | ২০০ | ২৩০ | ২০৭ | ১৮৪ | ১৬১ | ১৩৮ | ২৪০ | ২৬০ |
| | | [২.৮] সরকারি হ্যাচারি/মৎস্যবীজ খামারে মানসম্পন্ন মাছের রেণু উৎপাদন | [২.৮.১] উৎপাদিত রেণুর পরিমাণ | সমষ্টি | (কেজি) | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| [৩] মৎস্য ও মৎস্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক ব নিরাপদ খাদ্য সরবরাহ | ০ | [৩.১] উত্তম মৎস্যচাষ অনুশীলন সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়ন | [৩.১.১]ক্লাস্টার ফার্মিং উন্নয়ন ও সম্প্রসারণ (সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | | [৩.১.২] আয়োজিত উদ্বুদ্ধকরণ/ সচেতনামুলক সভা | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | | [৩.২] এফআইকিউসি আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট ও অভিযান পরিচালনা | [৩.২.১] পরিচালিত অভিযান(সংখ্যা) | সমষ্টি | সংখ্যা | | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |

| কর্মসম্পাদন ক্ষেত্র | ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ | প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | ২০২৪-২৫ | ২০২৫-২৬ |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [৪] দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি | ১০ | [৪.১] কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান | [৪.১.১] প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারী | সমষ্টি | সংখ্যা | ৫ | ৫ | ৫ | ২ | ২ | ২ | ১ | ১ | ২ | ৩ |
| | | [৪.২] মৎস্যচাষি, মৎস্যজীবী মৎস্য প্রক্রিয়াকরণ সংশ্লিষ্টসহ অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান | [৪.২.১] প্রশিক্ষণপ্রাপ্ত মৎস্যচাষি, মৎস্যজীবীসহ অন্যান্য সুফলভোগী | সমষ্টি | সংখ্যা (জন) | ৫ | ১৬৬ | ৮০ | ৬০ | ৫৪ | ৪৮ | ৪২ | ৩৬ | ৬৬ | ৭২ |
| | | [৪.৩] মৎস্যজীবীদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টি | [৪.৩.১] সম্পৃক্ত সুফলভোগী | সমষ্টি | সংখ্যা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত) | | | | | | | | | | | | | | | |
| সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | ১) শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ২) ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ১০ | | | | | | | | | |
| | | ৩) তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |
| | | ৪) অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৪ | | | | | | | | | |
| | | ৫) সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | | | ৩ | | | | | | | | | |

আমি উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর দেবীগঞ্জ, পঞ্চগড় হিসাবে জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর পঞ্চগড় এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর পঞ্চগড় হিসাবে উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর দেবীগঞ্জ, পঞ্চগড় এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| | ২২/০৬/২০২৩ |
| উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর দেবীগঞ্জ, পঞ্চগড় | তারিখ |
| | ২২/০৬/২০২৩ |
| জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর পঞ্চগড় | তারিখ |